



শেখ হাসিনার  
উদ্যোগ  
ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি  
কানাইপুর, ফরিদপুর



### দরপত্র বিজ্ঞপ্তি

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক ওয়ার্কশপে হিটিং চেম্বার তৈরী এবং ডিজিটাল রি-উইন্ডিং মেশিন স্থাপন /ক্রয়ের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী/টিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী প্রতি পালন সাপেক্ষে সীলগালায়ুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	ক্রয়তথ্য মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য	দরপত্র জামানতের পরিমাণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণের সময়সূচী	দরপত্র খোলার সময়সূচী
০১	০২	৩	৪	৫	৬	৭
০১	ওয়ার্কশপে হিটিং চেম্বার তৈরী।	১০০০.০০	১১,৬০০.০০	০৯/০৫/২০২১ খ্রিঃ তারিখ	২৪/০৫/২০২১ খ্রিঃ তারিখ সোমবার ১২.০০ ঘটিকা	২৪/০৫/২০২১ খ্রিঃ তারিখ সোমবার ১২.৩০ ঘটিকায়
০২	ওয়ার্কশপে ডিজিটাল রি- উইন্ডিং মেশিন স্থাপন।	১০০০.০০	১৯,৭০০.০০	২৩/০৫/২০২১ খ্রিঃ তারিখ রবিবার পর্যন্ত	২৪/০৫/২০২১ খ্রিঃ তারিখ পবিস, সদর দপ্তর, কানাইপুর, ফরিদপুর ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।	২৪/০৫/২০২১ খ্রিঃ তারিখ (BST) পর্যন্ত ফরিদপুর পবিস, সদর দপ্তর, কানাইপুর, ফরিদপুর ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

#### শর্তাবলী :

- অগ্রহী দরদাতাগণ অফিস সময়ে বর্ণিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল ক্রয় ও দেখতে পারবেন।
- অগ্রহী দরদাতাগণ ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে প্রতিটি দরপত্র দলিলের জন্য ১০০০.০০ (এক হাজার) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ ফরিদপুর পবিস এর জেনারেল ম্যানেজার বরাবর নিজস্ব সেটোর হেড প্যাডে আবেদনের মাধ্যমে (অফিস চলাকালীন সময়ে) ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, কানাইপুর, ফরিদপুর ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পচ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, ষিলক্ষেত, ঢাকা হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। উল্লেখ্য যে, ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- অগ্রহী দরদাতাগণ আগামী ২৪/০৫/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে দরপত্র ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, কানাইপুর, ফরিদপুর অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পচ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, ষিলক্ষেত, ঢাকা-এ রক্ষিত টেন্ডার বাগে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। এই দরপত্রের সাথে ফরিদপুর পবিস এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে উপরে বর্ণিত পরিমাণ অর্থের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসেবে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী উন্মোচিত স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- সিডিউলে বর্ণিত সকল শর্তাবলী পূরনসহ দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সি, আয়কর সনদ ও ভ্যাট রেজিস্ট্রেশন ও অভিজ্ঞতার সনদের এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- কার্যদেশে প্রাপ্ত প্রতিষ্ঠানকে সন্তোষজনক ভাবে মালামাল সরবরাহ পূর্বক হিটিং চেম্বার তৈরী, ডিজিটাল রি-উইন্ডিং মেশিন স্থাপনের পর বিল দাখিল সাপেক্ষে ডিডি/একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে। বিল প্রদানের সময় নিরাপত্তা জামানত হিসেবে মোট বিলের ১০% অর্থ কর্তন করে রাখা হবে। যা মালামালের গুণগতমান অক্ষুণ্ণ থাকা সাপেক্ষে মালামাল সরবরাহের ০১ (এক) বৎসর পর ফেরত প্রদান করা হবে।
- দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- উন্মোচিত শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

“মুজিববর্ষ পল্লী বিদ্যুতের সেবা বর্ষ”

জেনারেল ম্যানেজার  
ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি  
মোবাইল নম্বর-০১৭৬৯৪০০২৮

০৬/০৫/২০২১

মোঃ আরিকুজ্জামান  
এঞ্জিনিয়ার (প্রশাসন)  
ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি

মোঃ আবুল হাসান  
জেনারেল ম্যানেজার  
ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি

৬/৫/২১